

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bkkf.org.bd



নং-৩৪.০৫.০০০০.০০০.৩২.০৮২.১৯-৩০২


তারিখঃ ০৮-০২-২০২২ খ্রি।

বিষয়ঃ অসচ্ছল, আহত, অসমর্থ ও দুস্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের মাসিক ভাতা/এককালীন অনুদানের অনলাইন আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়স্বাধীন বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন হতে ২০২১-২০২২ অর্থ-বছরে অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের মাসিক ভাতা/এককালীন অনুদান প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

অনলাইনে আবেদন করতে ফাউন্ডেশনের ওয়েবসাইট www.bkkf.org.bd এ লগইন করে অভ্যন্তরীণ ই-সেবা এর অধীনে 'অনুদান অনলাইন আবেদন' লিংকে ক্লিক করে মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন সম্পন্নপূর্বক অনলাইনে আবেদন করা যাবে। আবেদনের সাথে অবশ্যই আবেদনকারীর পাসপোর্ট সাইজের এক কপি ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনপত্র এবং ক্রীড়া সম্পৃক্ততার সনদপত্র সংযুক্ত করতে হবে। আগামি ৩১ মার্চ ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।

নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ সাইফুল ইসলাম)

নির্বাহী কর্মকর্তা

ফোনঃ +৮৮ ০২ ৯৫৭৩৫৭০-৭১

ই-মেইলঃ sec.bkkf@gmail.com